আমারে তুমি অশেষ করেছ,    এমনি লীলা তব–
ফুরায়ে ফেলে আবার ভরেছ    জীবন নব নব ॥
কত-যে গিরি কত-যে নদী -তীরে
বেড়ালে বহি ছোটো এ বাঁশিটিরে,
কত-যে তান বাজালে ফিরে ফিরে
কাহারে তাহা কব ॥
তোমারি ওই অমৃতপরশে    আমার হিয়াখানি
হারালো সীমা বিপুল হরষে,    উথলি উঠে বাণী ।
আমার শুধু একটি মুঠি ভরি
দিতেছ দান দিবস-বিভাবরী–
হল না সারা, কত-না যুগ ধরি
কেবলই আমি লব ॥

---

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Chhayanat
Visit www.geetabitan.com for notation and other detail